# মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
**মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।**

স্মারক নম্বর: ২৮.১৭.০০০.০০০.১১১.০৪.০০০১.২৫/৩৮ তারিখ: ১৭-০৯-২০২৫

## প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) এর পক্ষে উচ্চ আদালত (মাননীয় সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ), অধস্তন আদালতে (দেওয়ানী ও ফৌজদারী, প্রশাসনিক ট্রাইবুনালে) মামলা দায়ের, মামলা প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনা, তদারকি এবং বিভিন্ন বিষয়ে আইনগত মতামত ও চুক্তি-ভেটিং ইত্যাদি প্রদানের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিজ্ঞ আইনজীবী এর নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বয়স |
|---|---|---|---|
| প্যানেল আইনজীবী (উচ্চ আদালত) | সরকার কর্তৃক স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম এলএলবি ডিগ্রীধারী হতে হবে। বার কাউন্সিল প্রদত্ত সনদ থাকতে হবে এবং আইন পেশার জন্য সংশ্লিষ্ট বারের সদস্য হতে হবে। | মামলা পরিচালনার কাজে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে আপিল বিভাগে মামলা পরিচালনার অনুমতি থাকলে অগ্রাধিকার দেয়া হবে। | অনূর্ধ্ব ৬০ বৎসর তবে, অবসর প্রাপ্ত জেলা জজ/ অতি. জেলা জজ-এর ক্ষেত্রে ৬৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |
| প্যানেল আইনজীবী (অধস্তন আদালত) দিনাজপুর, ঢাকা জেলার জন্য। | সরকার কর্তৃক স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম এলএলবি ডিগ্রীধারী হতে হবে। বার কাউন্সিল প্রদত্ত সনদ থাকতে হবে এবং আইন পেশার জন্য সংশ্লিষ্ট বারের সদস্য হতে হবে। | অধস্তন আদালতে মামলা পরিচালনায় ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | অনূর্ধ্ব ৬০ বৎসর তবে, অবসর প্রাপ্ত জেলা জজ/ অতি. জেলা জজ-এর ক্ষেত্রে ৬৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |

**শর্তাবলি:**

ক) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

খ) প্যানেল আইনজীবী প্যানেলভুক্তির মেয়াদকাল ০২(দুই) বছর বলবৎ থাকবে। তবে, কোম্পানি প্রয়োজনে প্যানেলের মেয়াদ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

গ) নির্বাচিত প্যানেল আইনজীবী এমজিএমসিএল-এর স্বার্থ সংশ্লিষ্ট এমন কোনো মামলায় কোম্পানির বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না;

ঘ) প্যানেল আইনজীবী/আইনজীবীগণ কোম্পানির স্বার্থ রক্ষার্থে তাদের উপর ন্যস্ত দায়িত্ব যথাযথভাবে পালনে ব্যর্থ হলে কোম্পানি সচিব ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানপূর্বক তাকে/তাদেরকে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করতে পারবেন;

ঙ) উচ্চ আদালতের প্যানেল আইনজীবী/আইনজীবীগণের নিয়োগের ক্ষেত্রে অনার্সসহ-এলএলএম/বার-এট-ল' ডিগ্রী তৎসহ উচ্চ আদালত-এ মামলা পরিচালনা কিংবা পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানি/কোম্পানিসমূহে আইনজ্ঞ হিসেবে অভিজ্ঞ প্রার্থীদের পেশাগত অভিজ্ঞতা শিথিলযোগ্য;

চলমান পাতা-২

চ) আবেদনকারী আইনজীবীকে প্রশাসনিক ট্রাইব্যুনাল/সার্ভিস মেটার, শ্রম আইন, কোম্পানি আইন, বাণিজ্যিক আইন, চুক্তি আইন, সরকারি/করপোরেশন সার্ভিস রুলস, ভূমি আইন, সরকারি পাওনা আদায় আইন, শেয়ার ও সিকিউরিটিজ প্রকৃতি বিষয়ে এককভাবে মতামত প্রদান ও মামলা পরিচালনায় অভিজ্ঞ হতে হবে;

ছ) নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবী/আইনজীবীগণের মামলা পরিচালনার আইনগত মতামত/ চুক্তি ভেটিং ইত্যাদি জন্য ফি কোম্পানির অনুমোদিত Schedule of Fees for Legal Adviser and Panel Advocates for MGMCL অনুযায়ী প্রদান করা হবে। তবে, পেশাগত ফি সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে। Schedule of Fees for Legal Adviser and Panel Advocates for MGMCL -এর কপি মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)-এর প্রধান কার্যালয় ,মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর এবং ঢাকা লিয়াজোঁ অফিস [পেট্রোসেন্টার (লেভেল-১৪), ৩ কাওরান বাজার, ঢাকা] হতে সংগ্রহ করা যাবে;

জ) অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী চূড়ান্তভাবে নির্বাচিত প্যানেল আইনজীবী/আইনজীবীগণের নিয়োগপত্রে উল্লেখ করা হবে;

ঝ) আবেদনপত্রে **(১)** আবেদনকারীর নাম, **(২)** পিতা/স্বামীর নাম, **(৩)** মাতার নাম, **(৪)** স্থায়ী ও বর্তমান/চেম্বারের ঠিকানা (ফোন নাম্বার ও ই-মেইল আইডিসহ), **(৫)** জন্ম তারিখ, **(৬)** শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ, **(৭)** মাননীয় আপিল বিভাগ/হাইকোর্ট বিভাগ এবং জেলা ও দায়রা জজ কোর্টে আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যভুক্তির তথ্য, **(৮)** অভিজ্ঞতা এবং **(৯)** অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে সে প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে;

ঞ) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি (রঙিন)ছবি, আবেদন পত্রে উল্লিখিত তথ্যের স্বপক্ষে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (বিবরণ ও এর সপক্ষে সাপোর্টিং ডকুমেন্টসমূহ) সনদের কপি, ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্বের কপি ও জাতীয় পরিচয়পত্রের কপি দাখিল করতে হবে;

ট) আবেদনপত্র 'কোম্পানি সচিব, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড; মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর' বরাবরে আগামী **৩০-১০-২০২৫** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে পৌঁছাতে হবে এবং খামের উপর সংশ্লিষ্ট আদালত-এর নাম উল্লেখ করতে হবে। হাতে হাতে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না;

ঠ) নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না;

ড) প্রার্থীদের বয়স ০১-১০-২০২৫ তারিখে ৬০ বৎসরের অধিক হতে পারবে না। তবে, অবসর প্রাপ্ত জেলা জজ/ অতি. জেলা জজ-এর ক্ষেত্রে ৬৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য;

ঢ) মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোনো দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী প্যানেলভুক্তির বিষয়ে এমজিএমসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

ণ) এই নিয়োগ বিজ্ঞপ্তিটি কোম্পানি ও পেট্রোবাংলার ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

১৭/৯/২০২৫

( কোম্পানি সচিব )

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।